দৈনি[redacted]

৩/৮/২০০০

তারিখ ...

পৃষ্ঠা ৭ ৬ কলাম ৫



*পটুয়াখালী ঃ তুষখালী হোসাইনিয়া মাদ্রাসার ক্লাস চলিতেছে ঈদগাহ মাঠে —ইত্তেফাক*

# তুষখালী দাখিল মাদ্রাসায় ক্লাস চলে খোলা মাঠে মেঘ করিলেই ছুটি

**পটুয়াখালী সংবাদদাতা** ॥ কালবৈশাখী ঝড়ে পটুয়াখালী সদর উপজেলার তুষখালী হেসাইনিয়া দাখিল মাদ্রাসা বিধ্বস্ত হওয়ায় গত তিন মাস ধরিয়া ছাত্র-ছাত্রীদেরকে খোলা আকাশের নীচে ক্লাস করিতে হইতেছে। এই অবস্থায় আকাশে মেঘ করিলেই বাধ্য হইয়া ছুটির ঘন্টা বাজাইতে হয়। বিগত ১৭ই এপ্রিল এক কালবৈশাখী ঝড়ে পটুয়াখালী সদর উপজেলার ছোটবিঘাই ইউনিয়নের তুষখালী হোসাইনিয়া মাদ্রাসা ভবন সম্পূর্ণ বিধ্বস্ত হয়। ইহার পর কর্তৃপক্ষ এই মাদ্রাসা পুনঃনির্মাণের জন্য উপজেলা প্রশাসনসহ বিভিন্ন কর্তৃপক্ষের নিকট আবেদন-নিবেদন জানাইলেও তাহা কোন কাজে আসে নাই। এই মাদ্রাসায় প্রায় তিনশত ছাত্র-ছাত্রী রহিয়াছে। মাদ্রাসা গৃহ বিধ্বস্ত হওয়ার পর কর্তৃপক্ষ অন্যান্যোপায় হইয়া পার্শ্ববর্তী ঈদগাহ মাঠে খোলা আকাশের নীচে ক্লাস শুরু করে। ইহাতে মাদ্রাসায় ছাত্র-ছাত্রীর উপস্থিতির সংখ্যা আশঙ্কাজনক হারে হ্রাস পায়। অধিকাংশ ছাত্রী মাদ্রাসায় আসা বন্ধ করিয়া দিয়াছে। বর্তমান বর্ষা মৌসুমে আকাশে মেঘ করিলেই বৃষ্টির আশঙ্কায় ছুটির ঘন্টা বাজাইয়া ক্লাস ছুটি দেওয়া হয়।

# ২০০০ সালের বিশেষ ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ

২০০০ সালের বিশেষ ডিগ্রী পাস ও সার্টিফিকেট পরীক্ষার ফলাফল গতকাল শনিবার প্রকাশিত হইয়াছে। দেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে বন্যার কারণে ২০০০ সালের ডিগ্রী পরীক্ষা স্থগিত করিয়া পরে পরীক্ষা নেওয়া হইয়াছিল। পরীক্ষা শেষ হওয়ার ১ মাসের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হইয়াছে। ফলাফলের জন্য অধ্যক্ষ, এম এম কলেজ, যশোর-এর সঙ্গে যোগাযোগ করিতে বলা হইয়াছে।-প্রেস বিজ্ঞপ্তি